

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স - ১৬৩৯(আগরতলা, ১০।৮)  
উদয়পুর, ১০ আগষ্ট ২০১৭

**মাতাবাড়ী ব্লক ভিত্তিক লোক সংস্কৃতি  
উৎসব অনুষ্ঠিত**

তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং মাতাবাড়ী ব্লকের যৌথ উদ্যোগে গত ৮ আগষ্ট ব্লক ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব ধন্যমানিক্য মুক্ত মঞ্চে অনুষ্ঠিত হয়। মাতাবাড়ী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রেখারানী মজুমদার এই উৎসবের উদ্বোধন করে লোক সংস্কৃতি উৎসবের তাৎপর্য ব্যাখ্যা করেন। তিনি লোক সংস্কৃতির প্রচার ও প্রসারে সকল অংশের মানুষকে সামিল হতে আহ্বান জানান। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মাতাবাড়ী পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান মহঃ নূর হোসেন, পঞ্চায়েত সমিতির কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি মহীদুল ইসলাম, ব্লকের বি ডি ও সৌরভ দাস প্রমুখ। অনুষ্ঠানে ব্লক এলাকার শিল্পীরা লোক সঙ্গীত ও নৃত্য পরিবেশন করেন। এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পঞ্চায়েত সমিতির শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি মহঃ ইমানউদ্দীন।

\*\*\*\*\*